### সরকারের ব্যর্থতার প্রতিবাদে বিভিন্ন ছাত্র সংগঠনের বিক্ষোভ

# চট্টগ্রামে পাঠ্যপুস্তক সরবরাহ অপ্রতুল অভিভাবক ও ব্যবসায়ী মহলের উদ্বেগ

**আহমেদ করিম** ।। চট্টগ্রামে পাঠ্যপুস্তক সরবরাহে অপ্রতুলতার কারণে অভিভাবক ও ব্যবসায়ী মহলে চরম উদ্বেগ-উৎকণ্ঠা বিরাজ করছে। মাধ্যমিক স্তরের ৭৭টি বইয়ের মধ্যে গতকাল (মঙ্গলবার) পর্যন্ত মাত্র ১১টি বই চট্টগ্রামে পৌঁছেছে। বইয়ের অপ্রতুলতার খবরে উদ্বিগ্ন অভিভাবকদের গতকাল নগরীর তালিকাভুক্ত লাইব্রেরীসমূহে প্রচণ্ড ভিড় করতে দেখা যায়। আগামী মার্চের পূর্বে বোর্ডের সম্পূর্ণ পাঠ্যপুস্তক পাওয়া যাবে না বলে সূত্র জানিয়েছে। এদিকে যথাসময়ে বই সরবরাহে সরকারের ব্যর্থতার অভিযোগে চট্টগ্রামে বিভিন্ন ছাত্র সংগঠন বিক্ষোভ প্রদর্শন করেছে। সর্বদলীয় ছাত্রঐক্য পাঠ্যপুস্তকের দাবীতে ইতোপূর্বেই ঘোষিত কর্মসূচীর পাশাপাশি তাদের ব্যাপকভিত্তিক আন্দোলনের প্রস্তুতি নিচ্ছে বলে জানা গেছে। বাংলাদেশ ছাত্রমৈত্রী একই দাবীতে নগরীতে বিক্ষোভ মিছিল ও প্রেসক্লাব চত্বরে সমাবেশ করে।

নতুন বছরের প্রথম মাস অতিবাহিত হতে চললেও অভিভাবকরা এখনো সন্তানদের হাতে পাঠ্যপুস্তক তুলে দিতে না পারায় উদ্বিগ্ন। প্রতি শ্রেণীর মাত্র দু'তিনটি বই পাওয়া যাচ্ছে তথাপিও প্রচণ্ড ভিড় ঠেলে অভিভাবকদের বই ক্রয়ের চেষ্টা চালাতে দেখা যায়। জানা যায়, চট্টগ্রামে ষষ্ঠ শ্রেণীর তিনটি, সপ্তম শ্রেণীর তিনটি, ৮ম শ্রেণীর দু'টি ও নবম শ্রেণীর তিনটি বই পৌঁছেছে, যা প্রয়োজনের তুলনায় সামান্য। আগামীকালের মধ্যে আরও ৪/৫টি বই পৌঁছতে পারে বলে সংশ্লিষ্ট সূত্র জানায়। এদিকে পাঠ্যপুস্তকের পর্যাপ্ত সরবরাহ না থাকায় ব্যবসায়ীরাও উৎকণ্ঠিত।

পাঠ্যপুস্তক নিয়ে উদ্ভূত পরিস্থিতিতে চট্টগ্রাম পুস্তক প্রকাশক ও বিক্রেতা সমিতির এক সভা গত বৃহস্পতিবার সফি চৌধুরীর সভাপতিত্বে অনুষ্ঠিত হয়। সভায় উদ্ভূত পরিস্থিতির জন্য টেক্সট বুক বোর্ড কর্তৃপক্ষকে দায়ী করা হয়। সভায় উল্লেখ করা হয় যে, পত্র-পত্রিকায় বোর্ডের সকল বই বাজারজাত করা হয়েছে মর্মে যে প্রচারণা চলছে তা মুখ রক্ষার কৌশল। সভায় চাহিদার তুলনায় পাঠ্যপুস্তক সরবরাহ অত্যন্ত নগণ্য হওয়ায় শিক্ষার্থী ও অভিভাবকদের সাথে পুস্তক ব্যবসায়ীদের ভুল বুঝাবুঝি সৃষ্টি হবে বলে উল্লেখ করা হয়। সভায় শিক্ষার্থীদের বোর্ড বই পৌছানোর জরুরী ব্যবস্থা গ্রহণের জন্য সরকারের প্রতি দাবী জানানো হয়।

এদিকে পাঠ্যপুস্তক কেলেংকারির প্রতিবাদে ও অবিলম্বে বোর্ড বই সরবরাহের দাবীতে চট্টগ্রামে ছাত্রমৈত্রী, ছাত্র ইউনিয়নসহ বিভিন্ন সংগঠন বিক্ষোভ সমাবেশ করেছে। সর্বদলীয় ছাত্রঐক্য একই দাবীতে ২৮ জানুয়ারী চট্টগ্রাম জেলা প্রশাসকের কার্যালয় ঘেরাওসহ বিভিন্ন কর্মসূচী ঘোষণা করেছে। এ বিষয়ে চাকসু এজিএস মাহবুবুর রহমান শামীম ইনকিলাবকে বলেন, পাঠ্যপুস্তক সরবরাহে সরকারী ব্যর্থতার প্রতিবাদে এবং অবিলম্বে সরবরাহের দাবীতে ছাত্রদল কেন্দ্রীয়ভাবে ইতোমধ্যে কর্মসূচী পালন করেছে। এ বিষয়ে কেন্দ্রীয় ছাত্রঐক্য বৃহৎ কর্মসূচী দেবে বলে জানা গেছে।